



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd

তারিখ: ১৬-০১-২০২১খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি


আজ ১৬-০১-২০২১খ্রি. শনিবার সকাল ১০.০০টায় বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর নতুন ভবনের সভাকক্ষে কোভিড-১৯ পরিস্থিতিতে শিক্ষার্থীদের প্রজ্ঞুতি বিবেচনায় রেখে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষা-২০২০ পরিচালনার লক্ষ্যে সরকারি ও বেসরকারি ডিপ্লোমা পর্যায়ে ইন্সটিটিউটের অধ্যক্ষ ও পরিচালকবৃন্দের উপস্থিতিতে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব জনাব মো: আমিনুল ইসলাম খান উক্ত সভায় প্রধান অতিথি এবং জনাব মো: সানোয়ার হোসেন মহাপরিচালক কারিগরি শিক্ষা অধিদপ্তর বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর চেয়ারম্যান ড. মো: মোরাদ হোসেন মোল্ল্যা-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আগামী ০৪ ফেব্রুয়ারি ২০২১খ্রি. অনুষ্ঠিতব্য ডিপ্লোমা পর্যায়ে পরীক্ষার বিষয়ে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

০১। ২০১০ ও ২০১৬ প্রবিধানের আওতায় পরীক্ষার্থীদের প্রশ্নপত্রে মুদ্রিত মোট নম্বরের ৫০% নম্বরের উত্তর দিতে হবে (সকল বিভাগের যে কোন প্রশ্ন থেকে)।

০২। ২০১০ ও ২০১৬ প্রবিধানের সকল বিষয়ের ৩ ঘণ্টার পরীক্ষা ২ ঘণ্টা এবং ২ ঘণ্টার পরীক্ষা ১ ঘণ্টা ৩০মিনিট মেয়াদে অনুষ্ঠিত হবে।

০৩। প্রতিটি বিষয়ে পরীক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে প্রশ্নপত্রে উল্লিখিত মোট নম্বরের বিপরীতে রূপান্তরিত করে ফলাফল নির্ধারণ করা হবে।

উক্ত অনুষ্ঠানে বোর্ডের সচিব ড. মো: জাহেদুল হাসান, পরীক্ষা নিয়ন্ত্রক জনাব মোঃ আবদুর রহমান, অধ্যক্ষ মো: জাকির হোসেন, অধ্যক্ষ মো: রুহুল আমিন, অধ্যক্ষ মো: রিহান উদ্দিন, চীফ ইন্সট্রাক্টর আরিফা আক্তার প্রমুখ বক্তব্য রাখেন। সভায় আসন্ন ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষা-২০২০ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য স্থানীয় প্রশাসন আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সহায়তা কামনা করা হয়।


১৬/০১/২১

মোঃ আবদুর রহমান

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।